# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/ ৪৬ /পটুয়াখালী-১২ তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮ / ০৭ ডিসেম্বর ২০২১

বিষয় : শুনানীতে অংশগ্রহণের জন্য স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে

সূত্র : ১। জনাব মো: মেহেদী হাসান কর্তৃক ১৬.১১.২০২১ ইং তারিখে দাখিলকৃত অভিযোগ।
২। জনাব মাসুম বিল্লাহ কর্তৃক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এ ই-ফাইলে অভিযোগ নং-৩৩৩২১১০২২০৮১ তাং: ২৩.০৩.২১ ইং।
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৩৩২১১০২২০৮১/২৫/পটুয়া-১২ তারিখ: ২৩.০৮.২০২১ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদ্রাসার সাবেক অধ্যক্ষ ও গভার্ণিং বডির সভাপতি জনাব মো: মেহেদী হাসান এর বিরুদ্ধে জনাব ইঞ্জি: মো: মাসুম বিল্লাহ সূত্রোক্ত ১নং স্মারকে ১৬.১১.২০২১ ইং তারিখে অভিযোগ দাখিল করেন এবং একই ব্যক্তি কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে অভিযোগের আলোকে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দুমকী, পটুয়াখালীকে সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে সকল পক্ষের শুনানী গ্রহণ করার জন্য আগামী ২০.১২.২০২১ ইং রোজ সোমবার সকাল: ১০:০০ ঘটিকায় উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক অভিযোগে উল্লেখিত রিট পিটিশন নং-৮৪১১/২০২১ মামলার কাগজপত্রসহ অভিযোগের বিষয়ে স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৭.১২.২০২১

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd
০৭.১২.২১

১। জনাব মো: মেহেদী হাসান, সভাপতি,
গভার্ণিং বডি, উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদ্রাসা;
২। জনাব ইঞ্জি: মো: মাসুম বিল্লাহ (অভিযোগকারী),
গ্রাম: উত্তর মুরাদিয়া, পো: মুরাদিয়া, দুমকী, পটুয়াখালী;
৩। জনাব মো: আব্দুল কাদের(সাবেক অধ্যক্ষ),
সাবেক অধ্যক্ষ, উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদ্রাসা;
৪। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদ্রাসা, দুমকী, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/ ৪৬ /পটুয়াখালী-১২ তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮ / ০৭ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. অতিরিক্ত সচিব (আইন ও অডিট), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. জেলা প্রশাসক, পটুয়াখালী;
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৪. উপজেলা নির্বাহী অফিসার, দুমকী, পটুয়াখালী;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুমকী, পটুয়াখালী;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

৭/১২/২১

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd
০৭.১২.২১

F:\Admin Committee\Belayet\Hearing.docx

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর

| | |
|---|---|
| ডায়রী নং | ১০৫৮ |
| তারিখ | |
| রেজিস্ট্রার | |
| পরীক্ষা নিয়ন্ত্রক | |
| পরিদর্শক | |
| কারিকুলাম/ হিরক | |
| উপ-রেজিস্ট্রার প্রশাঃ/কমন | |
| উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সনদ | |
| আইসিটি সেল/কম্পিউটার কেন্দ্র | |
| শাঃ শিঃ | |
| জরুরী আলাপ করুন/ব্যবস্থা নিন | |
| চেয়ারম্যান | ২৪/১১/২১ |

জরুরী

চেয়ারম্যান
মাদ্রাসা শিক্ষা বোর্ড

অনুগ্রহপূর্বক ব্যবস্থা
নেয়া হোক।
দীপু মনি
২২/১১/২০২১

ডা. দীপু মনি
মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ: ১৬ নভেম্বর, ২০২১

বরাবর
মাননীয় মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: জনবল নিয়োগে দুর্নীতির বিষয়ে ব্যবস্থা গ্রহণ।**

জনাব

যথাবিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে আমি নিম্নস্বাক্ষরকারী পটুয়াখালী জেলার দুমকি উপজেলার ৩ নং মুরাদিয়া ইউনিয়নের উত্তর মুরাদিয়া গ্রামের বাসিন্দা। আমাদের বাড়ির সম্মুখে আমাদের পৈত্রিক জায়গায় আমার দাদা মরহুম আলহাজ্ব আব্দুল আজিজ আহমেদ কর্তৃক "উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদ্রাসা" ১৯৮২ সালে প্রতিষ্ঠিত হয়। তাঁর মৃত্যুর পর তাঁর ছেলে জনাব অ্যাডভোকেট খাতিব আহম্মেদ কাম্বার এ মাদ্রাসার সভাপতি হিসাবে পরিচালনা করে আসছেন। এ মাদ্রাসার সভাপতি জনাব অ্যাডভোকেট খাতিব আহম্মেদ কাম্বার হঠাৎ গত ২৭.০১.২০২১ তারিখ মারা যান। সভাপতির মৃত্যুর পর তদকালীন অধ্যক্ষ জনাব আব্দুল কাদের অত্যন্ত গোপনে তরিঘরি করে তাঁর ভাইয়ের ছেলে জনাব মো: মেহেদী হাসানকে মাদ্রাসার সভাপতি হিসাবে শিক্ষা বোর্ড প্রস্তাব প্রেরণ করেন। এ পরিপ্রেক্ষিতে শিক্ষা বোর্ড হতে জনাব মো: মেহেদী হাসানকে সভাপতি করে ১১.০২.২০২১ তারিখ প্রজ্ঞাপন জারি করা হয়। ইতোমধ্যে অধ্যক্ষ গত ২৮.০২.২০২১ তারিখ অবসরে গমন করেন। অবসর গ্রহণের অল্প কিছুদিন পূর্বে অধ্যক্ষ পরিকল্পিতভাবে তাঁর ভাতিজাকে এ মাদ্রাসার সভাপতি নির্বাচন করে ক্ষমতা কুক্ষিগত করে অবৈধ সিন্ডকেট তৈরি করেন।

০২। জনাব মো: মেহেদী হাসান সভাপতি হওয়ার মাত্রই প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপাল, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহকারী, কম্পিউটার অপারেটর পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে এবং এলাকার বিভিন্ন ব্যক্তির কাছে চাকরির প্রলভন দেখিয়ে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছেন। এমনকি একই পদে একাধিক ব্যক্তির কাছ থেকে টাকা গ্রহণের অভিযোগ রয়েছে। বর্তমানে মাদ্রাসাটির অফিসিয়াল অনেক কার্যক্রম সাবেক অধ্যক্ষের বাড়িতে পরিচালনা করা হয়। এ মাদ্রাসার জনবল নিয়োগে দুর্নীতির বিষয়ে গত ১৬.০৯.২০২১ তারিখের দৈনিক "অর্থনীতির কাগজ" পত্রিকায় একটি রিপোর্ট প্রকাশিত হয়েছে। আলোচ্য বিষয়ে ইতোমধ্যে মহামান্য হাই কোর্ট বিভাগে রিট মামলা নং ৮৪১১/২০২১ দায়ের করা হয়েছে যা বর্তমানে বিচারাধীন রয়েছে।

০৩। মহোদয়ের নিকট আকুল আবেদন উল্লিখিত বিষয়াদি বিবেচনাপূর্বক নিয়োগ প্রক্রিয় দ্রুত বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক
মাদ্রাসার সকল দাতা সদস্যের পক্ষে

ইঞ্জি: মো: মাসুম বিল্লাহ
মোবাইল নং ০১৯১২৭৪১৭১৮
গ্রাম: উত্তর মুরাদিয়া, থানা: দুমকি, জেলা: পটুয়াখালী।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং- ৭৭৩
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন / কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপ./ পরীক্ষা
... কর্মকর্তা
আইসিটি / কম্পিউটার কেন্দ্র
... সহকারী প্রকৌশলী
রেজিস্ট্রার
২৮/১১/২১

শিক্ষা মন্ত্রীর দপ্তর
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
ডাইরী নং ৯৪৪
তারিখ ২৩/১১/২১

দৈনিক অর্থনীতির কাগজ
উন্নয়ন ও সমৃদ্ধির কথা বলে
শেষ পাতা বৃহস্পতিবার। ১৬ সেপ্টেম্বর ২০২১ ইংরেজী

তড়িঘড়ি করে উত্তর মুরাদিয়া বশিরিয়া মাদ্রাসার সভাপতির পদ দখল

# নিয়োগ বাণিজ্যের নামে হাতিয়ে নিচ্ছে লাখ লাখ টাকা

পটুয়াখালী প্রতিনিধি

সভাপতির মৃত্যুর পর কমিটির মেয়াদ শেষ হবার আগেই অত্যন্ত তড়িঘড়ি করে গোপনীয়ভাবে নিজের ভাইয়ের ছেলেকে সভাপতি বানিয়ে অবৈধ নিয়োগ সিন্ডিকেট তৈরির অভিযোগ পটুয়াখালীর দুমকি উপজেলার উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুস সুন্নাহ আলিম মাদ্রাসার সাবেক অধ্যক্ষ এর বিরুদ্ধে। মাদ্রাসা শিক্ষা অধিদফতরের মহাপরিচালক বরাবর এমন অভিযোগ দাখিল করা হয়েছে গত ৬ সেপ্টেম্বর।

অভিযোগে উল্লেখ করা হয়েছে যে, মাদ্রাসার প্রতিষ্ঠাতা সভাপতি মরহুম আলহাজ্ব আব্দুল আজিজ আহমেদের মৃত্যুর পর তার ছেলে এডভোকেট খাতির আহমেদ কাম্বার উক্ত মাদ্রাসার সভাপতির দায়িত্ব পালন করেন। বর্তমান কমিটির মেয়াদ ১৪ মাস বাকী থাকতে সভাপতি এডভোকেট খাতির আহমেদ কাম্বার গত ২৭ জানুয়ারী ২০২১ এ মারা যান। সভাপতির মৃত্যুর পর সেসময়কার অধ্যক্ষ আব্দুল কাদের তড়িঘড়ি করে মো. মেহেদী হাসানকে সভাপতি পদে সমর্থন করে মাদ্রাসা বোর্ডে কাগজপত্র পাঠান। সে অনুযায়ী মাদ্রাসা বোর্ড মো. মেহেদী হাসানকে সভাপতি করে ১১ ফেব্রুয়ারী ২০২১ প্রজ্ঞাপন জারি করে।

বিষয়টি উদ্দেশ্যপ্রণোদিত। এর পেছনের উদ্দেশ্য সম্পর্কে অভিযোগকারী উল্লেখ করেছেন যে, ২৮ ফেব্রুয়ারী ২০২১ অধ্যক্ষ আব্দুল কাদের অবসরপ্রাপ্ত হন। অবসর গ্রহনের আগে নিজের ভাইয়ের ছেলেকে সভাপতি বানিয়ে তিনি ক্ষমতা কুক্ষিগত করে অবৈধ নিয়োগ সিন্ডিকেট গঠন করেন। পৃষ্ঠা ৭ কলাম ৬

## উত্তর মুরাদিয়া

শেষ পৃষ্ঠার পর

মেহেদী হাসান সভাপতি হওয়া মাত্রই প্রিন্সিপ্যাল, ভাইস-প্রিন্সিপ্যাল, সহকারী গ্রন্থগারিক কাম ক্যাটালগার, অফিস সহকারী কাম হিসাব সহকারী, অফিস সহকারী কাম কম্পিউটার অপরেটর ও অফিস সহায়ক পদে চাকরি দেয়ার প্রলোভন দেখিয়ে মোটা অংকের টাকা হাতিয়ে নেয়ার অভিযোগ রয়েছে। এমনকি একই পদে একাধিক লোকের কাছ থেকেও টাকা নিয়েছেন বলে এলাকায় অভিযোগ রয়েছে। অভিযোগকারী এলাকা ও মাদ্রাসার শৃঙ্খলা রক্ষার স্বার্থে নিয়ম বহির্ভূত উপায়ে সভাপতি নির্বাচনের বিষয়ে সুষ্ঠু তদন্ত ও নিয়োগ কার্যক্রম বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানিয়েছেন।

আরো অভিযোগ রয়েছে যে, অধ্যক্ষ আব্দুল কাদের ২৮ ফেব্রুয়ারী ২০২১ অবসরে গেলেও এখনো তার বাড়িতে মাদ্রাসার গুরুত্বপূর্ন অনেক নথি রেখে দিয়েছেন এবং মাদ্রাসার চলমান বিভিন্ন কার্যক্রম তিনি বাড়িতে বসেই নিয়ন্ত্রণ করেন।

অভিযোগের বিষয়ে সাবেক অধ্যক্ষ আব্দুল কাদের (১৭৪৫.........৮৩) বা বর্তমান সভাপতি মেহেদী হাসান (০১৭১৫.........১০৬) নম্বরে যোগাযোগ করেও তাদের বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

উল্লেখ্য, ১৯৮২ সালে প্রতিষ্ঠিত পটুয়াখালীর দুমকি উপজেলার উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুস সুন্নাহ আলিম মাদ্রাসাটি এলাকার ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। মাদ্রাসাটির প্রতিষ্ঠাতা ছিলেন মরহুম আলহাজ্ব আব্দুল আজিজ আহমেদ।

তাং- ১৫/০৩/২০২১খ্রি.

বরাবর

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড,

২নং অরফানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।

বিষয়: গভার্নিং বডির সভাপতির মৃত্যুজনিত কারনে পুনরায় নতুন সভাপতির মনোনয়ন বাতিল প্রসঙ্গে।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী "উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুস সুন্নাত আলিম মাদ্‌রাসা দাতা সদস্য এই মর্মে অভিযোগ করিতেছি যে, অত্র মাদ্‌রাসার প্রতিষ্ঠাতা মরহুম আলহাজ্ব আব্দুল আজিজ আহমেদ সাহেব এই মাদ্‌রাসাটি ১৯৮২ সালে প্রতিষ্ঠা করেন। তাঁর মৃত্যুর পর তাঁর ছেলে অ্যাডভোকেট খতিব আহমেদ কাম্বার সাহেব অত্র প্রতিষ্ঠানটি পরিচালনা করেন। "উত্তর মুরাদিয়া বশিরিয়া আলিম মাদ্‌রাসা" পরিচালনার জন্য বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা'র প্রবিধানমালা ২০০৯ অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ্ব অ্যাডভোকেট খাতিব আহমেদ সহ ১১ জন সদস্যদের সমন্বয়ে গঠিত কমিটির মনোনয়নের ১ম সভা অনুষ্ঠানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বোর্ড অনুমোদন দিয়ে ২১/০৭/২০২০ খ্রি: প্রজ্ঞাপন দেয়। প্রকাশ থাকে যে, সভাপতি আলহাজ্ব অ্যাডভোকেট খতিব আহমেদ কমিটির মেয়াদ ০২ (দুই) বছর পূর্ন হওয়ার পূর্বে ২৭/০১/২০২১খ্রি: মারা যায়। তাঁর মৃত্যুর পরে মাদ্‌রাসাটি পরিচালনার জন্য তাদের পরিবার থেকে সভাপতি মনোনয়নের কথা ছিল। কিন্তু অধ্যক্ষ জনাব আব্দুল কাদের সাহেব সদ্য ২৮/০২/২০২১ইং সালে অবসরপ্রাপ্ত হন। তিনি কর্তৃপক্ষের সাথে কোন প্রকার আলাপ আলোচনা না করে বোর্ড থেকে গোপনে তার ভাই এর ছেলে মোঃ মেহেদী হাসান কে সভাপতি পদে সমর্থন করে বিত্তিহীন কাগজপত্র বোর্ডে পাঠান এবং তাই উক্ত বোর্ড ১১/০২/২০২১ইং তারিখে মোঃ মেহেদী হাসান কে নতুন সভাপতি মনোনয়নের প্রজ্ঞাপন দেয়। মোঃ মেহেদী হাসান একজন দুঃচরিত্র, লম্পট, দালাল। তার উপর এলাকাবাসী ও ছাত্র ছাত্রীর অভিভাবকদের আস্থা নেই। নিয়োগ বাণিজ্য করাই তার প্রধান উদ্দেশ্য তাই উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কল্যানের জন্য নতুন সভাপতির মনোনয়ন বাতিল করা খুবই জরুরী হয়ে দাঁড়িয়েছে।

অতএব আকুল আবেদন এই যে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কল্যানকর পরিচালনার জন্য নতুন সভাপতির মনোনয়ন বাতিল করতে জনাবের যেন মর্জি হয়।

নিবেদক

15/03/2021

ইঞ্জিঃ মোঃ মাসুম বিল্লাহ

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১০২২০৮১/ ২৫ /পটুয়া-১২ তারিখ: ৮ ভাদ্র ১৪২৮ / ২৩ আগষ্ট ২০২১

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতির বিরুদ্ধে বিভিন্ন বিষয় উল্লেখপূর্বক ইঞ্জিনিয়ার মো: মাছুম বিল্লাহ অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০২) পাতা।

২৩.০৮.২০২১

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৩.০৮.২১

উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১০২২০৮১/ ২৫ /পটুয়া-১২ তারিখ: ৮ ভাদ্র ১৪২৮ / ২৩ আগষ্ট ২০২১

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুমকী, পটুয়াখালী;
৪. অধ্যক্ষ, উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদ্রাসা, পো: মুরাদিয়া, দুমকী, পটুয়াখালী;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

২৩/৮/২১

মো: ওমর ফারুক
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

২৩.০৮.২১

F:\Admin - Committee\Belayet\Inquiry.docx